রেজিস্টার্ড নং ডি এ-১

# বাংলাদেশ গেজেট

অতিরিক্ত সংখ্যা

কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

বুধবার, এপ্রিল ৮, ২০২৬

## বাংলাদেশ জাতীয় সংসদ

ঢাকা, ২৪ চৈত্র, ১৪৩২ মোতাবেক ০৭ এপ্রিল, ২০২৬

নিম্নলিখিত বিলটি ২৪ চৈত্র, ১৪৩২ মোতাবেক ০৭ এপ্রিল, ২০২৬ তারিখে জাতীয় সংসদে উত্থাপিত হইয়াছে :—

## বা. জা. স. বিল নং-২৫/২০২৬

## ২০২৬ সনের ৩০ জুন তারিখে সমাপ্য অর্থবৎসরের কার্যাদি নির্বাহের জন্য সংযুক্ত তহবিল হইতে অর্থ প্রদান ও নির্দিষ্টকরণের কর্তৃত্ব প্রদানের উদ্দেশ্যে আনীত

## বিল

যেহেতু ২০২৬ সনের ৩০ জুন তারিখে সমাপ্য অর্থবৎসরের কার্যাদি নির্বাহের জন্য সংযুক্ত তহবিল হইতে অর্থ প্রদান ও নির্দিষ্টকরণের কর্তৃত্ব প্রদান করা সমীচীন ও প্রয়োজনীয়; এবং

সেহেতু এতদ্দ্বারা নিম্নরূপ আইন প্রণয়ন করা হইল:—

১। **সংক্ষিপ্ত শিরোনাম ও প্রবর্তন।**—(১) এই আইন নির্দিষ্টকরণ (২০২৫-২০২৬ অর্থ বৎসর) আইন, ২০২৬ নামে অভিহিত হইবে।

(২) ইহা ১ জুলাই ২০২৫ তারিখে কার্যকর হইয়াছে বলিয়া গণ্য হইবে।

২। **২০২৫-২০২৬ অর্থবৎসরের জন্য সংযুক্ত তহবিল হইতে ১৩৬০২৬১,৯৩,৯৭,০০০ (তেরো লক্ষ ষাট হাজার দুইশত একষট্টি কোটি তিরানব্বই লক্ষ সাতানব্বই হাজার) টাকা প্রদান।**—২০২৬

সনের ৩০ জুন তারিখে সমাপ্য অর্থবৎসরে যেই সকল ব্যয় হইতে পারে সেই সকল ব্যয় নির্বাহের জন্য এই আইনের তফসিলের কলাম (২) এ বর্ণিত কার্যাদির বিপরীতে কলাম (৫) এ উল্লিখিত **১৩৬০২৬১,৯৩,৯৭,০০০ (তেরো লক্ষ ষাট হাজার দুইশত একষট্টি কোটি তিরানব্বই লক্ষ সাতানব্বই হাজার)** টাকার অনধিক পরিমাণ অর্থ সংযুক্ত তহবিল হইতে প্রদেয় ও ব্যয়যোগ্য হইবে।

৩। **নির্দিষ্টকরণ।**—এই আইন দ্বারা সংযুক্ত তহবিল হইতে প্রদান করিবার ও ব্যয় নির্বাহের জন্য অনুমোদিত অর্থ ২০২৬ সনের ৩০ জুন তারিখে সমাপ্য অর্থ বৎসরে এই আইনের তফসিলের কলাম (২) এ বর্ণিত কার্যের জন্য উহার বিপরীতে কলাম (৫) এ উল্লিখিত পরিমাণের অনধিক অর্থ নির্দিষ্ট করা হইল।

৪। **রহিতকরণ ও হেফাজত।**—(১) নির্দিষ্টকরণ অধ্যাদেশ, ২০২৫ (২০২৫ সনের ৩২ নং অধ্যাদেশ) এতদ্দ্বারা রহিত করা হইল।

(২) উক্তরূপ রহিতকরণ সত্ত্বেও উক্ত রহিতকৃত অধ্যাদেশের অধীন কৃত কার্য বা গৃহীত ব্যবস্থা এই আইনের অধীন কৃত বা গৃহীত হইয়াছে বলিয়া গণ্য হইবে।

**তফসিল**

(ধারা ২ ও ৩ দ্রষ্টব্য)

(অংকসমূহ হাজার টাকায়)

| মঞ্জুরি নং | কার্য ও উদ্দেশ্যসমূহ | অনধিক টাকা | | |
|---|---|---|---|---|
| | হিসাবের প্রধান খাতসমূহ | সংযুক্ত তহবিলের উপর দায় | অন্যান্য ব্যয় | মোট |
| ১ | ২ | ৩ | ৪ | ৫ |
| | রাষ্ট্রপতির কার্যালয় | ৩৪,০০,০০ | ০ | ৩৪,০০,০০ |
| ০১ | জাতীয় সংসদ | ২৩১,৮০,০০ | ২০,০০ | ২৩২,০০,০০ |
| ০২ | প্রধানমন্ত্রীর কার্যালয় | ০ | ৩৫৫৬,০০,০০ | ৩৫৫৬,০০,০০ |
| ০৩ | মন্ত্রিপরিষদ বিভাগ | ০ | ১১৬,০০,০০ | ১১৬,০০,০০ |
| | বাংলাদেশ সুপ্রীম কোর্ট | ২৫০,০০,০০ | ০ | ২৫০,০০,০০ |
| ০৪ | নির্বাচন কমিশন সচিবালয় | ২৭২৬,৯৫,০০ | ২২৯,০৫,০০ | ২৯৫৬,০০,০০ |
| ০৫ | জনপ্রশাসন মন্ত্রণালয় | ০ | ৫০১৯,০০,০০ | ৫০১৯,০০,০০ |
| ০৬ | বাংলাদেশ সরকারি কর্ম কমিশন | ১০৮,৪৭,০০ | ৪০,৫৩,০০ | ১৪৯,০০,০০ |

(অংকসমূহ হাজার টাকায়)

| মঞ্জুরি নং | কার্য ও উদ্দেশ্যসমূহ | অনধিক টাকা | | |
|---|---|---|---|---|
| | হিসাবের প্রধান খাতসমূহ | সংযুক্ত তহবিলের উপর দায় | অন্যান্য ব্যয় | মোট |
| ১ | ২ | ৩ | ৪ | ৫ |
| ০৭ | অর্থ বিভাগ | ৫৯০৯২৪,৯৬,৭২ | ১৮১১৮১,৪১,১৪ | ৭৭২১০৬,৩৭,৮৬ |
| | বাংলাদেশের মহা হিসাব-নিরীক্ষক ও নিয়ন্ত্রকের কার্যালয় | ২৮৪,০০,০০ | ০ | ২৮৪,০০,০০ |
| ০৮ | অভ্যন্তরীণ সম্পদ বিভাগ | ০ | ৩১২৬,০০,০০ | ৩১২৬,০০,০০ |
| ০৯ | আর্থিক প্রতিষ্ঠান বিভাগ | ০ | ৩৫২১,০০,০০ | ৩৫২১,০০,০০ |
| ১০ | অর্থনৈতিক সম্পর্ক বিভাগ | ৬১০০০,০০,০০ | ৫৮৪,০০,৪২ | ৬১৫৮৪,০০,৪২ |
| ১১ | পরিকল্পনা বিভাগ | ০ | ১০৯০৫,৬৭,০০ | ১০৯০৫,৬৭,০০ |
| ১২ | বাস্তবায়ন পরিবীক্ষণ ও মূল্যায়ন বিভাগ | ০ | ১৮৩,০০,০০ | ১৮৩,০০,০০ |
| ১৩ | পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ | ০ | ৪৬৭,০০,০০ | ৪৬৭,০০,০০ |
| ১৪ | বাণিজ্য মন্ত্রণালয় | ০ | ৬০৭,৬০,০০ | ৬০৭,৬০,০০ |
| ১৫ | পররাষ্ট্র মন্ত্রণালয় | ০ | ১৭০৪,০০,০০ | ১৭০৪,০০,০০ |
| ১৬ | প্রতিরক্ষা মন্ত্রণালয় | ০ | ৪০৮৫১,১৭,৫৪ | ৪০৮৫১,১৭,৫৪ |
| ১৭ | সশস্ত্রবাহিনী বিভাগ | ০ | ৪৭,০০,০০ | ৪৭,০০,০০ |
| ১৮ | আইন ও বিচার বিভাগ | ০ | ২০৭৫,০০,০০ | ২০৭৫,০০,০০ |
| ১৯ | জননিরাপত্তা বিভাগ | ০ | ২৭০০১,৪৬,৭৮ | ২৭০০১,৪৬,৭৮ |
| ২০ | লেজিসলেটিভ ও সংসদ বিষয়ক বিভাগ | ০ | ৪৬,৭৫,০০ | ৪৬,৭৫,০০ |
| ২১ | প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয় | ০ | ৩৫৪০৩,০০,০০ | ৩৫৪০৩,০০,০০ |
| ২২ | মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ | ০ | ৪৭৫৬৪,০০,০০ | ৪৭৫৬৪,০০,০০ |

(অংকসমূহ হাজার টাকায়)

| মঞ্জুরি নং | কার্য ও উদ্দেশ্যসমূহ | অনধিক টাকা | | |
|---|---|---|---|---|
| | হিসাবের প্রধান খাতসমূহ | সংযুক্ত তহবিলের উপর দায় | অন্যান্য ব্যয় | মোট |
| ১ | ২ | ৩ | ৪ | ৫ |
| ২৩ | বিজ্ঞান ও প্রযুক্তি মন্ত্রণালয় | ০ | ১২৮৬৯,০০,০০ | ১২৮৬৯,০০,০০ |
| ২৪ | স্বাস্থ্য সেবা বিভাগ | ০ | ৩১০২২,০০,০০ | ৩১০২২,০০,০০ |
| ২৫ | তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগ | ০ | ২১৪৪,০০,০০ | ২১৪৪,০০,০০ |
| ২৬ | সমাজ কল্যাণ মন্ত্রণালয় | ০ | ১৩৯৯১,২১,০০ | ১৩৯৯১,২১,০০ |
| ২৭ | মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয় | ০ | ৫০৭৭,৮৯,২৯ | ৫০৭৭,৮৯,২৯ |
| ২৮ | শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয় | ০ | ৪৩৮,০০,০০ | ৪৩৮,০০,০০ |
| ২৯ | গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয় | ০ | ৫১১০,৪৩,০০ | ৫১১০,৪৩,০০ |
| ৩০ | তথ্য ও সম্প্রচার মন্ত্রণালয় | ০ | ১১১০,০০,০০ | ১১১০,০০,০০ |
| ৩১ | সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয় | ০ | ৮২৪,০০,০০ | ৮২৪,০০,০০ |
| ৩২ | ধর্ম বিষয়ক মন্ত্রণালয় | ০ | ২১৮৩,০০,০০ | ২১৮৩,০০,০০ |
| ৩৩ | যুব ও ক্রীড়া মন্ত্রণালয় | ০ | ২৪২৩,০০,০০ | ২৪২৩,০০,০০ |
| ৩৪ | স্থানীয় সরকার বিভাগ | ০ | ৪২৪৩৩,০০,০০ | ৪২৪৩৩,০০,০০ |
| ৩৫ | পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগ | ০ | ১১০০,০০,০০ | ১১০০,০০,০০ |
| ৩৬ | শিল্প মন্ত্রণালয় | ০ | ১৮৯১,০০,০০ | ১৮৯১,০০,০০ |
| ৩৭ | প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয় | ০ | ৮৫৫,০০,০০ | ৮৫৫,০০,০০ |
| ৩৮ | বস্ত্র ও পাট মন্ত্রণালয় | ০ | ৪৮০,০০,০০ | ৪৮০,০০,০০ |
| ৩৯ | জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগ | ০ | ২১৭৮,০০,০০ | ২১৭৮,০০,০০ |
| ৪০ | কৃষি মন্ত্রণালয় | ০ | ২৭২২৪,০০,০০ | ২৭২২৪,০০,০০ |
| ৪১ | মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয় | ০ | ৩৩৯২,৩৭,৬৪ | ৩৩৯২,৩৭,৬৪ |

(অংকসমূহ হাজার টাকায়)

| মঞ্জুরি নং | কার্য ও উদ্দেশ্যসমূহ | অনধিক টাকা | | |
|---|---|---|---|---|
| | হিসাবের প্রধান খাতসমূহ | সংযুক্ত তহবিলের উপর দায় | অন্যান্য ব্যয় | মোট |
| ১ | ২ | ৩ | ৪ | ৫ |
| ৪২ | পরিবেশ, বন ও জলবায়ু পরিবর্তন মন্ত্রণালয় | ০ | ২১৪৪,০০,০০ | ২১৪৪,০০,০০ |
| ৪৩ | ভূমি মন্ত্রণালয় | ০ | ২৩০৩,৬৩,৮০ | ২৩০৩,৬৩,৮০ |
| ৪৪ | পানি সম্পদ মন্ত্রণালয় | ০ | ১১২০৪,০০,০০ | ১১২০৪,০০,০০ |
| ৪৫ | খাদ্য মন্ত্রণালয় | ০ | ২৯৫৪১,৯২,১৫ | ২৯৫৪১,৯২,১৫ |
| ৪৬ | দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয় | ০ | ১০৩৬২,১৮,৫৬ | ১০৩৬২,১৮,৫৬ |
| ৪৭ | সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ | ১০,০০,০০ | ৩৮৪৮৬,০০,০০ | ৩৮৪৯৬,০০,০০ |
| ৪৮ | রেলপথ মন্ত্রণালয় | ০ | ১১৯৪৪,০০,০০ | ১১৯৪৪,০০,০০ |
| ৪৯ | নৌ পরিবহন মন্ত্রণালয় | ০ | ১০২৭৯,০০,০০ | ১০২৭৯,০০,০০ |
| ৫০ | বেসামরিক বিমান পরিবহন ও পর্যটন মন্ত্রণালয় | ০ | ২৪৫৫,০০,০০ | ২৪৫৫,০০,০০ |
| ৫১ | ডাক ও টেলিযোগাযোগ বিভাগ | ০ | ২১৪৮,০০,০০ | ২১৪৮,০০,০০ |
| ৫২ | পার্বত্য চট্টগ্রাম বিষয়ক মন্ত্রণালয় | ০ | ১৩৬১,৮৫,৬৪ | ১৩৬১,৮৫,৬৪ |
| ৫৩ | বিদ্যুৎ বিভাগ | ০ | ২০৩৪২,০০,০০ | ২০৩৪২,০০,০০ |
| ৫৪ | মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয় | ০ | ৭৩৩০,০০,০০ | ৭৩৩০,০০,০০ |
| ৫৫ | দুর্নীতি দমন কমিশন | ১৭৮,২৯,০০ | ১২,৭১,০০ | ১৯১,০০,০০ |
| ৫৬ | সেতু বিভাগ | ০ | ৬০২২,০০,০০ | ৬০২২,০০,০০ |
| ৫৭ | কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ | ০ | ১২৬৭৮,০০,০০ | ১২৬৭৮,০০,০০ |
| ৫৮ | সুরক্ষা সেবা বিভাগ | ০ | ৪০৩৮,৩৮,২৯ | ৪০৩৮,৩৮,২৯ |

(অংকসমূহ হাজার টাকায়)

| মঞ্জুরি নং | কার্য ও উদ্দেশ্যসমূহ | অনধিক টাকা | | |
|---|---|---|---|---|
| | হিসাবের প্রধান খাতসমূহ | সংযুক্ত তহবিলের উপর দায় | অন্যান্য ব্যয় | মোট |
| ১ | ২ | ৩ | ৪ | ৫ |
| ৫৯ | স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগ | ০ | ১০৮৮৬,০০,০০ | ১০৮৮৬,০০,০০ |
| | **মোট মঞ্জুরি ও বরাদ্দ** | **৬৫৫৭৪৮,৪৭,৭২** | **৭০৪৫১৩,৪৬,২৫** | **১৩৬০২৬১,৯৩,৯৭** |

# উদ্দেশ্য ও কারণ সংবলিত বিবৃতি

সংসদ ভাঙ্গিয়া যাওয়া অবস্থায় থাকায় ২০২৫-২৬ অর্থ বৎসর শুরুর পূর্বে জাতীয় সংসদে ২০২৫-২৬ অর্থ বৎসরের বার্ষিক আর্থিক বিবৃতি উত্থাপন করা সম্ভব হয় নাই বিধায় গণপ্রজাতন্ত্রী বাংলাদেশের সংবিধানের ৯৩(৩) অনুচ্ছেদে প্রদত্ত ক্ষমতাবলে মহামান্য রাষ্ট্রপতি 'নির্দিষ্টকরণ অধ্যাদেশ, ২০২৫' জারির মাধ্যমে উক্ত অর্থ বৎসরের প্রয়োজনীয় ব্যয় নির্বাহের কর্তৃত্ব প্রদান করিয়াছেন। সংবিধানের ৯৩(৪) অনুচ্ছেদ অনুযায়ী জারীকৃত অধ্যাদেশটি নির্দিষ্টকরণ (২০২৫-২৬ অর্থ বৎসর) আইন, ২০২৬ আকারে উত্থাপন করা আবশ্যক। এই বিলে গণপ্রজাতন্ত্রী বাংলাদেশের সংযুক্ত তহবিলের উপর দায়যুক্ত ও অন্যান্য ব্যয় নির্বাহের উদ্দেশ্যে প্রয়োজনীয় সকল অর্থ সংযুক্ত তহবিল হইতে নির্দিষ্টকরণের জন্য এবং ২০২৬ সালের ৩০ জুন তারিখে সমাপ্য বৎসরের জন্য সরকারের অনুমিত ব্যয়াদির সম্পর্কে সংসদ কর্তৃক প্রদত্ত মঞ্জুরিসমূহের জন্য বিধান করিতে চাওয়া হইয়াছে।

**আমির খসরু মাহমুদ চৌধুরী**
ভারপ্রাপ্ত মন্ত্রী।

---

**ব্যারিস্টার মো: গোলাম সরওয়ার ভূঁইয়া**
সচিব।

মোহাম্মদ আবু ইউসুফ, উপপরিচালক (উপসচিব), বাংলাদেশ সরকারী মুদ্রণালয়, তেজগাঁও, ঢাকা কর্তৃক মুদ্রিত।
মোঃ নজরুল ইসলাম, উপপরিচালক (উপসচিব), বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস, তেজগাঁও,
ঢাকা কর্তৃক প্রকাশিত। website: www.bgpress.gov.bd